# তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা, ২০২১

## (তথ্য অধিকার আইন-২০০৯ এর আলোকে প্রণীত)

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# মুখবন্ধ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে ৩৯ নং অনুচ্ছেদে নাগরিকদের চিন্তা, বিবেক ও বাক স্বাধীনতা অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত। তথ্য প্রাপ্তির অধিকার নাগরিকের মৌলিক অধিকারের অবিচ্ছেদ্য অংশ। 'টেকসই উন্নয়ন অভীষ্ট' অর্জন এবং 'রূপকল্প ২০৪১' বাস্তবায়নে শিল্প মন্ত্রণালয় বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম ও কর্মকৌশল গ্রহণ করেছে- যা দেশের নাগরিকদের জানার অধিকার রয়েছে। তথ্য অধিকার আইন, ২০০৯-এর আওতায় নাগরিকদের শিল্প মন্ত্রণালয় সম্পর্কিত কর্মকান্ডের তথ্য জানা ও প্রাপ্তির আইনগত ভিত্তি তৈরি হয়েছে। এ তথ্য প্রদানের জন্য দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা নিয়োগ করা হয়েছে।

জাতির পিতার সুযোগ্য উত্তরসূরি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি), ২০৩১ সালের মধ্যে উচ্চ-মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে শিল্পসমৃদ্ধ সুখী ও উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে বদ্ধপরিকর। এ লক্ষ্যসমূহ অর্জনে সরকার স্বল্প, মধ্য, দীর্ঘমেয়াদী পরিকল্পনা, বিভিন্ন নীতি, আইন ও নির্দেশনা প্রণয়ন করছেন। এরই আলোকে রপ্তানিমুখী ও আমদানি বিকল্প শিল্পের প্রসার, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে সার উৎপাদন ও সুষ্ঠু সরবরাহ, পরিবেশ বান্ধব শিল্পস্থাপন, বেসরকারি খাতের কার্যকর ও টেকসই বিকাশ, উৎপাদনশীলতা বৃদ্ধি, দেশীয় শিল্পের উন্নয়ন ও বিকাশ, দক্ষ জনশক্তি তৈরির জন্য বিভিন্ন ট্রেডে আত্মকর্মসংস্থানের জন্য প্রশিক্ষণ, কর্মসংস্থান সৃষ্টি, পুজিঘন শিল্পের পরিবর্তে শ্রমঘন শিল্প স্থাপন, নারী উদ্যোক্তা সহ নতুন নতুন শিল্প উদ্যোক্তা তৈরির মাধ্যমে কুটির, ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ শিল্পের উন্নয়ন ও বিকাশের মাধ্যমে বাংলাদেশকে একটি শিল্পোন্নত দেশে রূপান্তরিত করতে শিল্প মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করার জন্য শিল্প মন্ত্রণালয় কর্তৃক প্রণীত সকল আইন, বিধি, বিজ্ঞপ্তি, উন্নয়ন কর্মকান্ড, প্রজ্ঞাপন ইত্যাদি ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ ও সেবা বক্স হালনাগাদ করা হচ্ছে। এতে করে জনগণের তথ্যপ্রাপ্তি সহজ হয়েছে।

দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম জনগণের কাছে প্রকাশের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে 'তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা ২০২১' অগ্রণী ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি। এ নির্দেশিকা নিঃসন্দেহে শিল্প মন্ত্রণালয়ের তথ্য অধিকার আইন বাস্তবায়ন সহজতর করবে।

জাকিয়া সুলতানা
সচিব
শিল্প মন্ত্রণালয়

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | শিল্প মন্ত্রণালয়ের পটভূমি | ১ |
| ২ | নির্দেশিকার উদ্দেশ্য | ১ |
| ৩ | তথ্য অবমুক্তকরণ নীতি | ১ |
| ৪ | সংজ্ঞা | ১ |
| ৫ | তথ্যের শ্রেণিবিন্যাস | ২ |
| ৬ | স্ব-প্রণোদিত তথ্য | ২ |
| ৭ | চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্য | ৩ |
| ৮ | কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয় | ৩ |
| ৯ | তথ্যের ভাষা | ৩ |
| ১০ | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব এবং কর্মপরিধি | ৩ |
| ১১ | আবেদন প্রক্রিয়া | ৩ |
| ১২ | তথ্য প্রদানের সময়সীমা | ৪ |
| ১৩ | তথ্যের মূল্য তালিকা | ৪ |
| ১৪ | তথ্য প্রদানে অপারগতা | ৪ |
| ১৫ | আপীল প্রক্রিয়া ও সময়সীমা | ৪ |
| ১৬ | পরিশিষ্ট তালিকা | ৪ |
| ১৭ | ফরমের তালিকা | ৪ |
| ১৮ | পরিশিষ্ট-১ স্বপ্রণোদিত তথ্যের তালিকা | ৫-৯ |
| ১৯ | পরিশিষ্ট-২ চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্যের তালিকা | ৯ |
| ২০ | পরিশিষ্ট-৩ যে সমস্ত তথ্য প্রদান করা বাধ্যতামূলক নয় | ৯ |
| ২১ | পরিশিষ্ট-৪ তথ্য অবমুক্তকরণের ছক | ১০ |
| ২২ | ফরম ক: তথ্য প্রাপ্তির আবেদনপত্র | ১১ |
| ২৩ | ফরম খ: তথ্য সরবরাহে অপারগতার নোটিশ | ১২ |
| ২৪ | ফরম গ: আপীল আবেদন | ১৩ |
| ২৫ | ফরম ঘ: তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি | ১৪ |

# প্রথম অধ্যায় : নীতিমালার সাধারণ বিষয়

নির্দেশিকা প্রণয়ন কর্তৃপক্ষ: শিল্প মন্ত্রণালয়
নির্দেশিকা জারির তারিখ:
যে নামে নির্দেশিকা কার্যকর হবে; তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা, ২০২১

# দ্বিতীয় অধ্যায়: প্রাথমিক বিষয়াদি

## ১.০ শিল্প মন্ত্রণালয়ের পটভূমি

বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে শিল্প খাতের ভূমিকা গুরুত্বপূর্ণ। শিল্পায়ন অর্থনীতির আধুনিকায়ন ও কাঠামোগত রূপান্তর, অর্থনৈতিক ভিত্তির বৈচিত্র্যায়ন, ক্রমবর্ধমান উৎপাদনশীলতা অর্জন, প্রযুক্তিগত অগ্রগতি, কর্মসংস্থান সৃষ্টি এবং জনগণের আয় ও জীবনযাত্রার মান উন্নয়নের মাধ্যমে ত্বরিৎ অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন নিশ্চিত করে। শিল্প মন্ত্রণালয় দেশে শিল্প স্থাপন ও প্রসারে নীতি নির্ধারণ এবং কৌশল প্রণয়নে প্রয়োজনীয় সুযোগ-সুবিধা ও সহায়তা প্রদান করে আসছে। স্বাধীনতার পূর্বে বাণিজ্য ও শিল্প বিভাগ হিসেবে ঢাকায় শিল্প সম্পর্কিত কার্যক্রম পরিচালিত হতো। সরকারের নীতিমালায় ও উন্নয়ন কৌশলে পরিবর্তনের ফলে শিল্প মন্ত্রণালয়ের কর্মপরিধি সংকুচিত করে বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বিনিয়োগ বোর্ড ও প্রাইভেটাইজেশন কমিশনের সৃষ্টি করা হয়। শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ১২টি কর্পোরেশন, দপ্তর ও সংস্থা দেশের শিল্প উন্নয়ন ও অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে কাজ করে যাচ্ছে।

## ১.১ নির্দেশিকার উদ্দেশ্য

তথ্য অধিকার আইন-২০০৯ প্রণয়নের মাধ্যমে আইনের বিধান সাপেক্ষে কর্তৃপক্ষের নিকট হতে প্রত্যেক নাগরিকের তথ্য লাভের অধিকার যেমন নিশ্চিত করা হয়েছে, তেমনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যেকোন নাগরিকের অনুরোধের প্রেক্ষিতে চাহিত তথ্য সরবরাহ করার বাধ্যবাধকতা আরোপ করা হয়েছে। জনগণের শাসনতান্ত্রিক ও আইনগতভাবে তথ্য লাভের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের জনসম্পৃক্ত তথ্য অবমুক্তকরণ ও প্রচারের লক্ষ্যে একটি বিধিগত কাঠামো প্রণয়ন।

## ১.২ তথ্য অবমুক্তকরণ নীতি

শিল্প মন্ত্রণালয় শিল্প সমৃদ্ধ দেশ গড়ার লক্ষ্যে ব্যক্তি উদ্যোগকে প্রাধান্য দিয়ে বিভিন্ন প্রকার নীতি ও কর্ম কৌশল প্রণয়ন করে থাকে। এ সকল কর্মকান্ড শিল্প সংশ্লিষ্ট ষ্টেকহোল্ডার এবং নাগরিকদের জন্য উন্মুক্ত রাখার নীতিতে শিল্প মন্ত্রণালয় বিশ্বাস করে। স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিতকরণে অবাধ তথ্য প্রবাহ বিশেষ ভূমিকা পালন করে। এ উদ্দেশ্যে শিল্প মন্ত্রণালয় দেশের নাগরিকদের তথ্য প্রাপ্তির অধিকারকে অগ্রাধিকার প্রদানের নীতিতে বিশ্বাসী।

## ২.০ সংজ্ঞা

(ক) তথ্য: তথ্য অর্থে শিল্প মন্ত্রণালয়ের গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যেকোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগবই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিতচিত্র, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যেকোন ইন্সট্রুমেন্ট,

যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহুল বস্তু বা তাদের প্রতিলিপিও এর অন্তর্ভুক্ত হবে;
তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোট সিট বা নোট সিটের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে না;

(খ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা: তথ্য অবমুক্তকরণ নীতি বাস্তবায়নের জন্য এবং তথ্য অধিকার আইনের ১০ ধারা অনুযায়ী তথ্য সরবরাহের জন্য শিল্প মন্ত্রণালয়ের নিয়োজিত কর্মকর্তা।

(গ) তথ্য প্রদান ইউনিট: শিল্প মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অধীনে গঠিত তথ্য প্রদান ইউনিট।

(ঘ) কর্তৃপক্ষ: কর্তৃপক্ষ বলতে শিল্প মন্ত্রণালয়কে বুঝাবে।

(ঙ) আপীল কর্তৃপক্ষ: আপীল কর্তৃপক্ষ বলতে সচিব, শিল্প মন্ত্রণালয়কে বুঝাবে।

(চ) তথ্য কমিশন: তথ্য অধিকার আইনের অধীনে প্রতিষ্ঠিত কমিশন।

## তৃতীয় অধ্যায়: নীতিমালা

### ৩. তথ্যের শ্রেণিবিন্যাস

তথ্য অধিকার আইন অনুযায়ী আইনের বিধানাবলি সাপেক্ষে প্রত্যেক নাগরিকের তথ্য পাওয়ার অধিকার আছে ও জনগণের চাহিদা অনুযায়ী এসব তথ্য সরবরাহ করতে শিল্প মন্ত্রণালয় বাধ্য থাকবে।

শিল্প মন্ত্রণালয়ের সংরক্ষিত তথ্যসমূহকে তিনটি শ্রেণিতে ভাগ করা হয়েছে-

- স্ব-প্রণোদিত তথ্য
- চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্য
- কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়।

### ৩.১ স্ব-প্রণোদিত তথ্য

এ শ্রেণির আওতাভুক্ত তথ্যগুলো পরিশিষ্ট-১ এ উল্লেখ করা আছে যা তথ্য অধিকার আইন অনুযায়ী স্ব-প্রণোদিতভাবে শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.moind.gov.bd) প্রকাশিত থাকবে।

**৩.২ চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্য**

এ শ্রেণির আওতাভুক্ত তথ্যগুলো পরিশিষ্ট-২ এ উল্লেখ করা আছে। তালিকাটি শিল্প মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ও অনুমোদিত হবে। এ জাতীয় চাহিদাকৃত তথ্য শিল্প মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা চাহিদাকারীকে প্রদান করতে পারবে। তালিকাটি শিল্প মন্ত্রণালয় কর্তৃক ৬ মাস পর পর পর্যালোচনা করে প্রয়োজনে সংযোজন/বিয়োজন করা হবে।

**৩.৩ কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়**

এ শ্রেণির আওতাভুক্ত তথ্যগুলো পরিশিষ্ট-৩ এ উল্লেখ করা আছে। তথ্য অধিকার আইন-২০০৯ -এর ৭ ধারায় বর্ণিত শিল্প মন্ত্রণালয়ের জন্য প্রযোজ্য কতিপয় তথ্য যা কোন নাগরিককে প্রদান করতে শিল্প মন্ত্রণালয় বাধ্য থাকবে না। এ তালিকাটি শিল্প মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ও অনুমোদিত হবে। এ তালিকাটি শিল্প মন্ত্রণালয় কর্তৃক ৬ মাস পর পর পর্যালোচনা করে প্রয়োজনে সংযোজন/বিয়োজন করা হবে।

**৪.তথ্যের ভাষা**

(ক) ৩ নং সেকশনে প্রদেয় যেসব তথ্যের কথা উল্লেখ আছে সেগুলো শিল্প মন্ত্রণালয়ের কার্যক্ষেত্রে ব্যবহৃত বাংলা ভাষায় পাওয়া যাবে।
(খ) শিল্প মন্ত্রণালয়ের তথ্যটি যেভাবে প্রকাশ, ছাপা এবং সংরক্ষণ করা হয়েছে সেভাবেই প্রদান করা হবে।
(গ) শিল্প মন্ত্রণালয় কোন তথ্য ভাষান্তর/ অন্য ভাষায় অনুবাদ বা রূপান্তর করে দেয়ার দায়িত্ব নিবে না।

**৫. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব এবং কর্মপরিধি**

তথ্যের জন্য প্রাপ্ত আবেদনপত্র বাছাই, তথ্য চাহিদাকারীর সাথে যোগাযোগ, বিধি মোতাবেক তথ্য সরবরাহ, তথ্য সংরক্ষণ এ তথ্য প্রকাশে কর্তৃপক্ষকে সহায়তা ও তথ্য অবমুক্তকরণ সম্পর্কে প্রতিবেদন তৈরি। ইন্দ্রিয় প্রতিবন্ধী ব্যক্তি তথ্য চাহিদাকারী হলে উক্ত প্রতিবন্ধী ব্যক্তিকে তথ্য লাভে সার্বিক সহায়তা করা। প্রয়োজনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ বিষয়ে কমিশনের অন্য কোন পারদর্শী কর্মকর্তার সহযোগিতা নিতে পারবেন।

**৬. আবেদন প্রক্রিয়া**

কোন ব্যক্তি এ আইনের অধীন তথ্য প্রাপ্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চেয়ে নির্ধারিত ফরমেটে মুদ্রিত ফরমে (ফরম 'ক') বা সাদা কাগজে বা ই-মেইলে আবেদন করতে পারবেন। আবেদনের ফরম শিল্প মন্ত্রণালয়ের অফিসিয়াল ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনে নিম্নলিখিত বিষয়সমূহের উল্লেখ থাকতে হবে-

(অ) আবেদনকারীর নাম, ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে ফোন ও ফ্যাক্স নম্বর এবং ই-মেইল ঠিকানা;
(আ) যে তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে এর নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা;
(ই) আবেদনকৃত তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে অন্যান্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যাবলী;
(ঈ) কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তার বর্ণনা অর্থাৎ পরিদর্শন, অনুলিপি নেয়া, নোট নেয়া বা অন্য কোন অনুমোদিত পদ্ধতি;
(উ) আবেদনকারী প্রতিবন্ধী হলে সহায়তাকারীর তথ্য।

### ৬.১ তথ্য প্রদানের সময়সীমা

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনকৃত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা না থাকলে আবেদন প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে আবেদনকৃত তথ্য সরবরাহ করবেন।

### ৭. তথ্যের মূল্য তালিকা

ছাপানো তথ্যের জন্য যেখানে মূল্য নির্ধারিত রয়েছে সেই প্রতিবেদন বা কপির জন্য উক্ত মূল্য ও অন্যান্য ক্ষেত্রে যুক্তিসংগত মূল্য পরিশোধ করতে হবে। উক্ত মূল্য তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ -এর তফসিল 'ঘ' ফরম অনুযায়ী নির্ধারিত হবে;

### ৮. তথ্য প্রদানে অপারগতা

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে আবেদন পাওয়ার ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তিনি তা আবেদনকারীকে অবহিত করবেন।

### ৯. আপীল প্রক্রিয়া ও সময়সীমা

কোন ব্যক্তি তথ্য অধিকার আইনের ধারা-৯ (১) (২) বা (৪) এ নির্দিষ্ট সময়সীমার মধ্যে তথ্য লাভে ব্যর্থ হলে কিংবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে তিনি উক্ত সময়সীমা অতিক্রম হওয়ার পর বা সিদ্ধান্ত পাওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করতে পারবেন। আপীল আবেদনে আপীলের কারণ উল্লেখপূর্বক তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত বিধিমালার ফরম 'গ' অনুযায়ী করা যাবে। আপীল কর্তৃপক্ষ আপীল আবেদন প্রাপ্তির পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে ৬ বিধি মতে শুনানী শেষে আপীল নিষ্পত্তি করবেন।

### ১০. পরিশিষ্ট তালিকা

(অ) পরিশিষ্ট-১ স্ব-প্রণোদিত তথ্যের তালিকা;
(আ) পরিশিষ্ট-২ চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্যের তালিকা;
(ই) পরিশিষ্ট-৩ যে সমস্ত তথ্য প্রদান করা বাধ্যতামূলক নয়;
(ঈ) পরিশিষ্ট-৪ তথ্য অবমুক্তকরণের ছক ;

### ১১. ফরমের তালিকা

(অ) ফরম 'ক'-তথ্য প্রাপ্তির আবেদন পত্র;
(আ) ফরম 'খ'- তথ্য সরবরাহের অপারগতার নোটিশ;
(ই) ফরম 'গ'-আপীল আবেদন;
(ঈ) ফরম 'ঘ'- তথ্য প্রাপ্তির অনুরোধ ফি ও তথ্যের মূল্য নির্ধারণ ফি।

পরিশিষ্ট-১ স্ব-প্রণোদিত তথ্যের তালিকা:

| ক্রমিক নং | তথ্যের বিবরণ | সেবা প্রদানের পদ্ধতি |
|---|---|---|
| ০১ | পটভূমি, ভিশন, মিশন | ওয়েবসাইট |
| ০২ | কার্যবন্টন | ওয়েবসাইট |
| ০৩ | ওয়ার্কিং অর্গানোগ্রাম | ওয়েবসাইট |
| ০৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি | ওয়েবসাইট |
| ০৫ | অ্যালোকেশন অব বিজনেস | ওয়েবসাইট |
| ০৬ | মন্ত্রীর দপ্তর | ওয়েবসাইট |
| ০৭ | প্রতিমন্ত্রীর দপ্তর | ওয়েবসাইট |
| ০৮ | সচিবের দপ্তর | ওয়েবসাইট |
| ০৯ | কর্মকর্তাদের বিবরণ | ওয়েবসাইট |
| ১০ | আইসিটি কর্মকর্তাদের বিবরণ | ওয়েবসাইট |
| ১১ | প্রাক্তন মন্ত্রিবর্গ | ওয়েবসাইট |
| ১২ | প্রাক্তন সচিবগণ | ওয়েবসাইট |
| ১৩ | মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট | ওয়েবসাইট |
| ১৪ | দপ্তর/সংস্থার বিবরণ ও ওয়েবসাইট লিংক | ওয়েবসাইট |
| ১৫ | চলমান প্রকল্প | ওয়েবসাইট |
| ১৬ | অননুমোদিত নতুন প্রকল্প | ওয়েবসাইট |
| ১৭ | বিগত বছরে সমাপ্ত প্রকল্পের তালিকা | ওয়েবসাইট |
| ১৮ | মাসিক অগ্রগতির প্রতিবেদন | ওয়েবসাইট |
| ১৯ | শিল্প মন্ত্রণালয় ও এর দপ্তর সংস্থার অর্জিত সাফল্য(২০০৯-২০১৩) | ওয়েবসাইট |
| ২০ | SENSREC প্রকল্পের চূড়ান্ত রিপোর্ট | ওয়েবসাইট |
| ২১ | সেবা প্রদান প্রতিশ্রুতি (পুস্তিকা) | ওয়েবসাইট |
| ২২ | বার্ষিক প্রতিবেদন (সকল) | ওয়েবসাইট |
| ২৩ | বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার ২০২০ | ওয়েবসাইট |
| ২৪ | মাসিক প্রতিবেদন | ওয়েবসাইট |
| ২৫ | এসডিজি (পুস্তিকা) | ওয়েবসাইট |
| ২৬ | ব্লু ইকোনোমি | ওয়েবসাইট |
| ২৭ | শিল্পবার্তার সকল সংখ্যা সমূহ | ওয়েবসাইট |
| ২৮ | ফটোগ্যালারি | ওয়েবসাইট |
| ২৯ | বিদেশ ভ্রমণে সরকারি আদেশ | ওয়েবসাইট |
| ৩০ | প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা | ওয়েবসাইট |
| ৩১ | প্রকাশনা ও প্রতিবেদন | ওয়েবসাইট |
| ৩২ | আইন, নীতিমালা , বিধি-বিধান , বিজ্ঞপ্তি/প্রজ্ঞাপন ও গেজেট | ওয়েবসাইট |
| ৩৩ | এসডিজি বইসমূহ | ওয়েবসাইট |
| ৩৪ | মতামত ও পরামর্শ | ওয়েবসাইট |

| | | |
|---|---|---|
| ৩৫ | সেবাগ্রহীতাদের সেবার মতামত | ওয়েবসাইট |
| ৩৬ | মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ | ওয়েবসাইট |
| ৩৭ | চিফ ইনোভেশন অফিসার | ওয়েবসাইট |
| ৩৮ | ওয়েবসাইট সম্পর্কিত যোগাযোগ | ওয়েবসাইট |
| ৩৯ | মন্ত্রণালয়ের ভবিষ্যত কর্মপরিকল্পনা | ওয়েবসাইট |
| ৪০ | সেবা প্রদান প্রতিশ্রুতি | ওয়েবসাইট |
| ৪১ | ফোকাল পয়েন্ট কর্মকর্তা/পরিবীক্ষণ কমিটি | ওয়েবসাইট |
| ৪২ | ত্রৈমাসিক/বার্ষিক পরিবীক্ষণ/মূল্যায়ন প্রতিবেদন | ওয়েবসাইট |
| ৪৩ | আইন/বিধিমালা/নীতিমালা/পরিপত্র | ওয়েবসাইট |
| ৪৪ | আয়োডিনযুক্ত লবণ আইন, ২০২১ | গেজেট, ওয়েবসাইট |
| ৪৫ | বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) আইন, ২০১৯ | গেজেট, ওয়েবসাইট |
| ৪৬ | বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান জাতীয়করণ আইন, ২০১৮ | গেজেট, ওয়েবসাইট |
| ৪৭ | ওজন ও পরিমাপ মানদন্ড আইন, ২০১৮ | গেজেট, ওয়েবসাইট |
| ৪৮ | বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ | গেজেট, ওয়েবসাইট |
| ৪৯ | বাংলাদেশ জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ আইন, ২০১৮ | গেজেট, ওয়েবসাইট |
| ৫০ | Sugar (Road Development Cess) রহিতকরণ আইন, ২০১৮ | গেজেট, ওয়েবসাইট |
| ৫১ | ট্রেডমার্ক (সংশোধনী) আইন, ২০১৫ | গেজেট, ওয়েবসাইট |
| ৫২ | ভোজ্য তেলে ভিটামিন 'এ' সমৃদ্ধকরণ ও ভিটামিন 'এ' সমৃদ্ধ ভোজ্যতেল বিক্রয়, সংরক্ষণ, সরবরাহ ও বিপণন বাধ্যতামূলককরণ সম্পর্কিত আইন। | গেজেট, ওয়েবসাইট |
| ৫৩ | ভৌগোলিক নির্দেশক পণ্য (নিবন্ধন ও সুরক্ষা) আইন [ ইংরেজী ও বাংলা ], ২০১৩ | গেজেট, ওয়েবসাইট |
| ৫৪ | জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন ২০১১ | গেজেট, ওয়েবসাইট |
| ৫৫ | তথ্য অধিকার আইন, ২০০৯ | গেজেট, ওয়েবসাইট |
| ৫৬ | ট্রেডমার্ক আইন, ২০০৯ | গেজেট, ওয়েবসাইট |
| ৫৭ | বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড আইন, ২০০৬ | ওয়েবসাইট |
| ৫৮ | গুড়, ইক্ষু, চিনি ও চিনিজাত দ্রব্য (উৎপাদন ও স্থানান্তর) নিয়ন্ত্রণ ও অধ্যাদেশ ২০০৬ | গেজেট, ওয়েবসাইট |
| ৫৯ | THE ABANDONED PROPERTY (CONTROL, MANAGEMENT AND DISPOSAL) ORDER, ১৯৭২ | ওয়েবসাইট |
| ৬০ | বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প আইন, ১৯৫৭ | ওয়েবসাইট |
| ৬১ | আখ আইন, ১৯৩৪ | ওয়েবসাইট |
| ৬২ | বয়লার আইন, ১৯২৩ | ওয়েবসাইট |
| ৭৩ | পেটেন্ট ও ডিজাইন আইন, ১৯১১ | ওয়েবসাইট |
| ৬৪ | বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প আইন, ১৯৫৭ | ওয়েবসাইট |
| ৬৭ | আখ আইন, ১৯৩৪ | ওয়েবসাইট |
| ৬৮ | বয়লার আইন, ১৯২৩ | ওয়েবসাইট |
| ৬৯ | পেটেন্ট ও ডিজাইন আইন, ১৯১১ | ওয়েবসাইট |

| | | |
|---|---|---|
| ৭০ | খসড়া 'জাতীয় প্লাস্টিক শিল্প উন্নয়ন নীতিমালা ২০২১' | ওয়েবসাইট |
| ৭১ | অটোমোবাইল শিল্প উন্নয়ন নীতিমালা, ২০২১ | ওয়েবসাইট |
| ৭২ | কৃষি খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প উন্নয়ন নীতিমালা ২০২১ (খসড়া) | ওয়েবসাইট |
| ৭৩ | 'বঙ্গবন্ধু যুব ঋণ' বিতরণে সহযোগিতা প্রদান সংক্রান্ত নীতিমালা ও খসড়া | ওয়েবসাইট |
| ৭৪ | মোটর সাইকেল শিল্প উন্নয়ন নীতি ২০১৮ | ওয়েবসাইট |
| ৭৫ | চামড়া ও চামড়াজাত পণ্য উন্নয়ন নীতিমালা ২০১৯ | ওয়েবসাইট |
| ৭৬ | এসএমই নীতিমালা ২০১৯ | ওয়েবসাইট |
| ৭৭ | চামড়া শিল্প খাতের উন্নয়নে সুপারিশ প্রদান ও কর্মপরিকল্পনা প্রণয়ন টাস্কফোর্স | গেজেট, ওয়েবসাইট |
| ৭৮ | বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার নীতিমালা, ২০১৯ | গেজেট, ওয়েবসাইট |
| ৭৯ | জাতীয় গুণগত মান (পণ্য ও সেবা) নীতি ২০১৫ | গেজেট, ওয়েবসাইট |
| ৮০ | জাতীয় উদ্ভাবন ও মেধাসম্পদ নীতিমালা ২০১৮ | ওয়েবসাইট |
| ৮১ | জাতীয় মোটর সাইকেল শিল্প উন্নয়ন নীতি ২০১৭ | ওয়েবসাইট |
| ৮২ | জাতীয় শিল্পনীতি- ২০১৬ | ওয়েবসাইট |
| ৮৩ | জাতীয় লবণনীতি, ২০১৬ | গেজেট, ওয়েবসাইট |
| ৮৪ | সিআইপি(শিল্প) নির্বাচন নীতিমালা-২০১৪ এবং সিআইপি (শিল্প) ফরম | ওয়েবসাইট |
| ৮৫ | জাতীয় হস্ত ও কারুশিল্প নীতিমালা | ওয়েবসাইট |
| ৮৬ | জাতীয় লবণনীতি-২০১১ | গেজেট, ওয়েবসাইট |
| ৮৭ | জাতীয় শিল্পনীতি-২০১০ | ওয়েবসাইট |
| ৮৮ | জাতীয় শিল্পনীতি-২০০৫ | ওয়েবসাইট |
| ৮৯ | জাহাজ ব্রেকিং এবং পুনর্ব্যবহারযোগ্য বিধি, ২০১১ | গেজেট, ওয়েবসাইট |
| ৯০ | বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার ২০২০ | গেজেট, ওয়েবসাইট |
| ৯১ | এপিএ নির্দেশিকা/পরিপত্র/এপিএ টিম | ওয়েবসাইট |
| ৯২ | চুক্তিসমূহ | ওয়েবসাইট |
| ৯৩ | পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন | ওয়েবসাইট |
| ৯৪ | এপিএএমএস সফটওয়্যার লিংক | ওয়েবসাইট |
| ৯৫ | বাজেট (২০২১-২০২২) | ওয়েবসাইট |
| ৯৬ | ক্রয় পরিকল্পনা ২০২১-২০২২ | ওয়েবসাইট |
| ৯৭ | প্রকল্প / কর্মসূচী | ওয়েবসাইট |
| ৯৮ | দেশি উদ্যোক্তা সহায়ক | ওয়েবসাইট |
| ৯৯ | দ্বিপাক্ষিক চুক্তি | ওয়েবসাইট |

| | | |
|---|---|---|
| ১০০ | বিনিয়োগ চুক্তি | ওয়েবসাইট |
| ১০১ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিল কর্তৃপক্ষ | ওয়েবসাইট |
| ১০২ | আবেদন ও আপিল ফরম | ওয়েবসাইট |
| ১০৩ | স্বপ্রণোদিত প্রকাশযোগ্য তথ্য সমূহ | ওয়েবসাইট |
| ১০৪ | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা | ওয়েবসাইট |
| ১০৫ | অনিক ও আপিল কর্মকর্তা | ওয়েবসাইট |
| ১০৬ | অভিযোগ দাখিল (অনলাইন আবেদন) | ওয়েবসাইট |
| ১০৭ | শিল্প মন্ত্রণালয়ের ইনোভেশন টিম | ওয়েবসাইট |
| ১০৮ | চিফ ইনোভেশন অফিসার | ওয়েবসাইট |
| ১০৯ | ইনোভেশন টিমের বার্ষিক প্রতিবেদন | ওয়েবসাইট |
| ১১০ | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা | ওয়েবসাইট |
| ১১১ | রাষ্ট্রপতি শিল্প উন্নয়ন পুরস্কার | ওয়েবসাইট |
| ১১২ | জিআরএস – পুরস্কার সংক্রান্ত ফরম | ওয়েবসাইট |
| ১১৩ | বিদেশ প্রশিক্ষণ প্রতিবেদন ফর্ম | ওয়েবসাইট |
| ১১৪ | সিআইপি (শিল্প) ফর্ম | ওয়েবসাইট |
| ১১৫ | বিসিক শিল্পনগরীসমূহ (ম্যাপ) | ওয়েবসাইট |
| ১১৬ | টেন্ডার বিজ্ঞপ্তি | ওয়েবসাইট |
| ১১৭ | নিয়োগ বিজ্ঞপ্তি | ওয়েবসাইট |
| ১১৮ | মন্ত্রণালয়ের অন্যান্য সংগঠনসমূহ | ওয়েবসাইট |
| ১১৯ | ৩৩৩ তথ্য সেবা | ওয়েবসাইট |
| ১২০ | হেল্প ডেস্ক | ওয়েবসাইট |
| ১২১ | কল সেন্টার | ওয়েবসাইট |
| ১২২ | মোবাইল সেবা | ওয়েবসাইট |
| ১২৩ | সম্মাননা পত্র | ওয়েবসাইট |
| ১২৪ | মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ৩১ দফা নির্দেশনা বাস্তবায়নে শিল্প মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা | ওয়েবসাইট |
| ১২৫ | করোনাজনিত সম্ভাব্য আর্থিক বিপর্যয়রোধে মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রম | ওয়েবসাইট |
| ১২৬ | এসএমই ও কৃষিখাতের প্রনোদনা সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের সার্কুলারসমূহ | ওয়েবসাইট |
| ১২৭ | কোভিড-১৯ (করোনা) ভাইরাস সংক্রান্ত | ওয়েবসাইট |
| ১২৮ | নির্বাচনী ইশতেহার ২০১৮- শিল্প মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা | ওয়েবসাইট |
| ১২৯ | এপিএ অগ্রগতি ও ভবিষ্যত পরিকল্পনা | ওয়েবসাইট |
| ১৩০ | প্রেস রিলিজ | ওয়েবসাইট |
| ১৩১ | সাফল্যের ১০ বছর | ওয়েবসাইট |
| ১৩২ | কমিটিসমূহ | ওয়েবসাইট |
| ১৩৩ | সচিবের পরিদর্শন প্রতিবেদন | ওয়েবসাইট |
| ১৩৪ | সচিবের ভ্রমণ/সফরসূচি | ওয়েবসাইট |

| | | |
|---|---|---|
| ১৩৫ | বিদেশ ভ্রমণে শিল্প মন্ত্রণালয়ের সরকারি আদেশ | ওয়েবসাইট |
| ১৩৬ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২০ পালন কর্মসূচী | ওয়েবসাইট |
| ১৩৭ | ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা ২০১৮ | ওয়েবসাইট |
| ১৩৮ | ২০২০-২০২১ সালের খসড়া নীতিমালা/খসড়া বিধিমালার উপর মতামত প্রদান | ওয়েবসাইট |
| ১৩৯ | সেবা গ্রহীতাদের সেবার মতামত | ওয়েবসাইট |
| ১৪০ | ই-টেলিফোন ডিরেক্টরি | ওয়েবসাইট |
| ১৪১ | স্টেশনারি ইনভেন্টরি সিস্টেম | ওয়েবসাইট |
| ১৪২ | পুনঃপ্রক্রিয়াজাতকরণের উদ্দেশ্য জাহাজ আমদানীর এনওসি প্রদান | ওয়েবসাইট |
| ১৪৩ | পুনঃপ্রক্রিয়াজাতকরণের উদ্দেশ্য জাহাজের পরিদর্শন অনুমতি | ওয়েবসাইট |
| ১৪৪ | অনলাইনে বেতন দাখিল | ওয়েবসাইট |
| ১৪৫ | ওয়েব মেইল | ওয়েবসাইট |
| ১৪৬ | কেন্দ্রীয় ই-সেবাসমূহ | ওয়েবসাইট |
| ১৪৭ | বাংলাদেশ সরকারী পোর্টাল | ওয়েবসাইট |
| ১৪৮ | বাংলাদেশ ফর্ম | ওয়েবসাইট |

পরিশিষ্ট-২ চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্যের তালিকা:

- বৈদেশিক প্রশিক্ষণ/বিদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্য
- মন্ত্রণালয়ের কর্মকর্তাদের বিভিন্ন কোম্পানি/বোর্ডের পরিচালক সংক্রান্ত তথ্য
- পুনঃপ্রক্রিয়াজাতকরণের উদ্দেশ্যে আমদানিতব্য জাহাজের অনুকূলে অনাপত্তি সনদ (এনওসি) ইস্যু,
- পরিদর্শন অনুমতি এবং সৈকতায়ন (Touching) ও বিভাজন (Cutting) অনুমতি প্রদান সংক্রান্ত তথ্য
- মন্ত্রণালয়ের উল্লেখযোগ্য ক্রয় সংক্রান্ত সাধারণ তথ্য
- মন্ত্রণালয়ের বার্ষিক অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্য
- মন্ত্রণালয়ের কর্মকর্তাদের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পন: (Delegation of authority)

পরিশিষ্ট-৩ যে সমস্ত তথ্য প্রদান করা বাধ্যতামূলক নয়:

- তথ্য অধিকার আইন ২০০৯ -এর ৭ ধারায় উল্লেখিত তথ্য
- মন্ত্রণালয় সংক্রান্ত মন্ত্রিপরিষদের গোপনীয় সিদ্ধান্ত নির্দেশনা/অনুশাসন
- মন্ত্রণালয় সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর গোপনীয় সিদ্ধান্ত নির্দেশনা/অনুশাসন
- মহামান্য রাষ্ট্রপতি প্রদত্ত গোপনীয় সিদ্ধান্ত/নির্দেশনা/অনুশাসন
- কোন মন্ত্রণালয়ের সচিব/মন্ত্রী কর্তৃক প্রদত্ত গোপনীয় বিষয় সংক্রান্ত তথ্য
- রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোয়েন্দা কার্যে নিয়োজিত সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রতিবেদন
- সরকারিভাবে গোপনীয় হিসেবে ঘোষিত/স্বীকৃত তথ্য

**পরিশিষ্ট-৪ তথ্য অবমুক্তকরণের ছক:**

আবেদন সংক্রান্ত তথ্য:

| ক্রমিক নং | মাসের নাম | আবেদনকারীর নাম ও ঠিকানা | আবেদনের বিষয় | সিদ্ধান্ত | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | তথ্য প্রদানকৃত | স্থগিত | খারিজ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

ফরম 'ক'
তথ্য প্রাপ্তির আবেদনপত্র

১। আবেদনকারীর নাম : ..............................................

পিতার নাম : ..............................................

মাতার নাম : ..............................................

বর্তমান ঠিকানা : ..............................................

স্থায়ী ঠিকানা : ..............................................

ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও মোবাইল ফোন (যদি থাকে) : ..............................................

পেশা : ..............................................

২। কি ধরনের তথ্য (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন) : ..............................................

৩। কোন পদ্ধতিতে তথ্য পাইতে আই : ..............................................

(ছাপানো/ফটোকপি/লিখিত/ই-মেইল/ফ্যাক্স/সিডি অথবা

৪। তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা : ..............................................

৫। প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা : ..............................................

৬। তথ্য প্রদানকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা : ..............................................

৭। আবেদনের তারিখ : ..............................................

আবেদনকারীর স্বাক্ষর

ফরম 'খ'

তথ্য সরবরাহে অপারগতার নোটিশ

আবেদনপত্রের সূত্র নম্বর:

প্রতি
আবেদনকারীর নাম: ..............................................
ঠিকানা: .........................................................

বিষয়: তথ্য সরবরাহের অপারগতা সম্পর্কে অবহিতকরণ।

প্রিয় মহোদয়,

আপনার .................................................. তারিখের আবেদনের ভিত্তিতে প্রার্থিত তথ্য নিম্নোক্ত কারণে সরবরাহ করা।
সম্ভব হইল না, যথা-

১। .............................................................................................

.............................................................................................

২। .............................................................................................

.............................................................................................

৩। .............................................................................................

.............................................................................................

(.............................)
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম
পদবী
দাপ্তরিক সীল

ফরম 'গ'

আপীল আবেদন

| | | |
|---|---|---|
| ১। | আপীলকারীর নাম ও ঠিকানা (যোগাযোগের সহজ মাধ্যমসহ) | : ................................ |
| ২। | আপীলের তারিখ | : ................................ |
| ৩। | যে আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে উহার কপি (যদি থাকে) | |
| ৪। | যাহার আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে তাহার নাম সহ আদেশের বিরণ (যদি থাকে) | : .............................. |
| ৫। | আপীলের সংক্ষিপ্ত বিবরণ | : ............................... |
| ৬। | আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হইবার কারণ (সংক্ষিপ্ত বিবরণ) | : ............................... |
| ৭। | প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তি | : ............................... |
| ৮। | আপীলকারী কর্তৃক প্রত্যয়ন | : ............................... |
| ৯। | অন্য কোন তথ্য যাহা আপীল কর্তৃপক্ষের সম্মুখে উপস্থাপনের জন্য আপীলকারী ইচ্ছা পোষণ করেন | : ............................... |

আপীলকারীর স্বাক্ষর

ফরম 'ঘ'

তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি

তথ্য সরবরাহের ক্ষেত্রে নিম্নোক্ত টেবিলের কলাম (২) এ উল্লিখিত তথ্যের জন্য উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত হারে ক্ষেত্রমত তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য পরিশোধযোগ্য হইবে, যথা-

| **ক্রমিক নং** | **তথ্যের বিবরণ** | **তথ্য প্রাপ্তির অনুরোধ ফি/তথ্যের মূল্য** |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | লিখিত কোন ডকুমেন্টের কপি সরবরাহের জন্য (ম্যাপ, নকশা, ছবি, কম্পিউটার প্রিন্টসহ) | এ-৪ ও এ-৩ মাপের কাগজের ক্ষেত্রে প্রতি পৃষ্ঠা ২ (দুই) টাকা হারে এবং তদুর্ধ্ব মাপের কাগজের ক্ষেত্রে প্রকৃত মূল্য। |
| ২ | ডিস্ক, সিডি ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে | (১) আবেদনকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে বিনামূল্য<br>(২) তথ্য সরবরাহকারী ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে উহার প্রকৃত মূল্য |
| ৩ | কোন আইন বা সরকারি বিধান বা নির্দেশনা অনুযায়ী কাউকে সরবরাহকৃত তথ্যের ক্ষেত্র | বিনামূল্যে |
| ৪ | মূল্যের বিনিময়ে বিক্রয়যোগ্য প্রকাশনার ক্ষেত্রে | প্রকাশনায় নির্ধারিত |

কমিশনের আদেশক্রমে